

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/চিশিজ-২/বিএমডিসি-এ্যাক্ট/১১/২০১১/ ৫৮৩

তারিখঃ ০১-০৮-২০১৩ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০(২০১০ সনের ৬১নং আইন) এর ধারা ৪ অনুসারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫-০৪-২০১১ তারিখের স্বাপকম/চিশিজ-২/বিএমডিসি-এ্যাক্ট/১১/২০১১/৮২ সংখ্যক প্রজ্ঞাপন মূলে গঠিত বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এর সদস্যদের মধ্যে ৪(১) ধারার (ঠ) দফা এর অধীনে সরকার কর্তৃক মনোনীত ২২ নং ক্রমিকে বর্ণিত সদস্য ডাঃ এএসএম গোলাম কিবরিয়া বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ানস এন্ড সার্জন এর সভাপতি নির্বাচিত হওয়ায় ৪(১) ধারা অনুসারে তাকে (পদাধিকার বলে) বিএমডিসি এর সদস্য মনোনীত করা হলো।


২। সরকার কর্তৃক মনোনীত ঢাকা বিভাগের প্রতিনিধি ডাঃ এএসএম গোলাম কিবরিয়া বিসিপিএস এর প্রতিনিধি মনোনীত হওয়ায় (পদাধিকার বলে) ঢাকা বিভাগের উক্ত শূন্য পদে ৪(১) ধারার (খ) দফার অধীনে ৫৫ নং ক্রমিকে বর্ণিত বিএমএ এর প্রতিনিধি হিসেবে মনোনীত সদস্য ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, বিভাগীয় প্রধান, চক্ষু, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়-কে ঢাকা বিভাগের প্রতিনিধি হিসেবে মনোনীত করা হলো।

৩। ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, বিভাগীয় প্রধান, চক্ষু, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ঢাকা বিভাগের প্রতিনিধি মনোনীত হওয়ায় উক্ত শূন্য পদে বিএমএ'র প্রতিনিধি হিসেবে অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, বিএমএ সভাপতি-কে মনোনীত করা হলো।

৪। ৪(১) ধারা (ঠ) দফা এর অধীনে ২৪ নং ক্রমিকে বর্ণিত সরকার কর্তৃক মনোনীত চট্টগ্রাম বিভাগের প্রতিনিধি অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম ইন্তেকাল করায় তার শূন্য পদে অধ্যাপক এম. রেজাউল করিম, ডীণ, ফ্যাকাল্টি অব মেডিসিন, ইউএসটিসিকে মনোনয়ন প্রদান করা হলো।

৫। বর্ণিত সদস্যগণ ৪নং ধারা মোতাবেক ০৫-০৪-২০১১ তারিখের স্বাপকম/চিশিজ-২/বিএমডিসি-এ্যাক্ট/১১/২০১১/ ৮২ প্রজ্ঞাপনে উল্লেখিত সময় অনুযায়ী বিএমডিসির সদস্য হিসাবে বহাল থাকিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মাহফুজা আকতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৬৯০

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর

তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/চিশিজ-২/বিএমডিসি-এ্যাক্ট/১১/২০১১/ ৫৮৩/৩ (৬)

তারিখঃ ০১-০৮-২০১৩ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১। অতিরিক্ত সচিব(উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৫। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ৮৬ বিজয়নগর, ঢাকা।

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


(মাহফুজা আকতার)
সিনিয়র সহকারী সচিব